

154

তারিখ .25.AUG 1990
পৃষ্ঠা... ৬...কাল... ৬...

দৈনিক সংবাদ

12

থিয়েটার স্কুলের উদ্বোধন উপাচার্য

ঢাকা বিশ্ববিদ্যালয়ে নাট্যকলা বিভাগ খোলা হবে

(নিম্নব বার্তা পরিবেশক)

ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক মনিরুজ্জামান মিক্রা বলেছেন, খুব শিগগিরই ঢাকা বিশ্ববিদ্যালয়ে নাট্যকলা বিষয়ে একটি পূর্ণাঙ্গ বিভাগ খোলা হবে।

তিনি গতকাল সকালে বেইলী রোডে গাইড হাউস মিলনায়তনে থিয়েটার নাট্যদল প্রতিষ্ঠিত থিয়েটার স্কুলের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তৃতা করতে গিয়ে একথা বলেন।

থিয়েটার স্কুলের অধ্যক্ষ অধ্যাপক কবীর চৌধুরীর সভাপতিত্বে আয়োজিত উদ্বোধনী অনুষ্ঠানে আরো বক্তৃতা করেন আবদুল কাদের, নাসিরউদ্দিন ইউসুফ, আলী যাকের, আজিজ মিসির, বন্দকার শাহাদাৎ হোসেন, জামিল চৌধুরী, নীলিমা ইব্রাহিম, আবদুল্লাহ আল মামুন প্রমুখ।

অধ্যাপক কবীর চৌধুরী তার বক্তৃতায় বলেন, মানুষের মধ্যে মুক্ত ও কল্যাণচিন্তা জাগিয়ে তুলতে না পারলে কোন শিক্ষাই যথার্থ শিক্ষা হয় না। তিনি জানান, থিয়েটার স্কুলের পাঠ্যক্রম দিল্লীর 'ন্যাশনাল স্কুল অব ড্রামা' এবং কলকাতার বিশ্বভারতীর পাঠ্যক্রম অনুসরণ করে তৈরী করা হয়েছে।

স্কুলের প্রথম ব্যাচে মোট ৭০ জন শিক্ষার্থী ভর্তি হওয়ার সুযোগ পেয়েছে।